

“ছেলে হোক, মেয়ে হোক,
দুটি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়
রাজশাহী।

স্মারক নং-পপ/রা-বি/আদেশ/দ-০৪/২০০৯-১৯/

তারিখঃ-

/২০১৯ খ্রিঃ।

বিষয় : ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রসব সেবা নিশ্চিতকরণ।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার জেলার ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মাতৃস্বাস্থ্য সেবার প্রতিবেদন পর্যালোচনা ও নিম্নস্বাক্ষরকারী মাঠ পরিদর্শনকালে দেখেন যে, প্রসব সেবা প্রদানে প্রয়োজনীয় অবকাঠামো ও উপকরণ থাকা সত্ত্বেও আশানুরূপ সেবা প্রদান হচ্ছে না।

এমতাবস্থায় আপনার জেলাধীন সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪ ঘণ্টা নিরাপদ প্রসব সেবা সহ মা- শিশু স্বাস্থ্য ও প্রজনন স্বাস্থ্য সেবা প্রদানের জন্য সেবাপ্রদানকারীদের সরকারী বাসভবনে বাধ্যতামূলক অবস্থান নিশ্চিত করে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে এবং নিম্নে বর্ণিত নির্দেশনা বাস্তবায়ন করতে অনুরোধ করা হলো।

- ২৪/৭ নিরাপদ প্রসব সেবা নিশ্চিতকরণে এসএসিএমও এবং পরিবার কল্যাণ পরিদর্শিকা কেন্দ্র সংশ্লিষ্ট বাসভবনে অবস্থান করবেন।
- পরিবার কল্যাণ পরিদর্শিকা গর্ভবতী মায়েদের মোবাইল নম্বর সহ হালনাগাদ তালিকা সংরক্ষণ করবেন।
- পরিবার কল্যাণ পরিদর্শিকা গণ গর্ভবতী মায়েদের প্রসবপূর্ব, স্বাভাবিক প্রসব ও প্রসবোত্তর সেবা সিডিউল মোতাবেক নিশ্চিত করবেন।
- প্রয়োজনে রেফারেল স্লিপসহ ক্লায়েন্টকে উচ্চতর সেবা কেন্দ্রে রেফার করতে হবে।
- এসএসিএমও এবং পরিবার কল্যাণ পরিদর্শিকা এর মোবাইল নম্বর কেন্দ্রে দৃষ্টিগোচর হয় এমন স্থানে বুলিয়ে রাখতে হবে।
- সংশ্লিষ্ট এলাকার সিএসবিএ-গণ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে গর্ভবতী মায়েদের রেফার করবেন/ পরিবার কল্যাণ পরিদর্শিকাকে সেবা প্রদানে সহায়তা প্রদান করবেন।
- উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ উপজেলা ও তদনিম্ন পর্যায়ের কার্যক্রম মনিটরিং করবেন এবং সুনির্দিষ্ট দিক নির্দেশনা সহ কার্যক্রম বাস্তবায়নে সহায়তা করবেন।
- জেলা পর্যায়ের কর্মকর্তাগণ একই ভাবে উপজেলা কর্মকর্তাদের কার্যক্রম মনিটরিং পূর্বক তা জোরদার করণের উদ্যোগ গ্রহণ করবেন।
- প্রতি মাসে কেন্দ্র ভিত্তিক নিরাপদ প্রসব সেবা কার্যক্রমটি উপজেলা ও জেলা পর্যায় মনিটরিং ও তত্ত্বাবধান পূর্বক বিভাগ ও জাতীয় পর্যায় তথ্য প্রদান করবেন।
- সেবা প্রদানকারীদের ক্ষেত্রে কর্মস্থলে অবস্থান না করা, কর্মে অবহেলা এবং অন্যান্য যেকোন অভিযোগ প্রমানিত হলে নিয়মানুগ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

প্রাপক :

উপ-পরিচালক,
পরিবার পরিকল্পনা,
----- জেলা।



(মোঃ শফিকুল ইসলাম)
পরিচালক, পরিবার পরিকল্পনা,
রাজশাহী বিভাগ, রাজশাহী।

স্মারক নং-পপ/রা-বি/আদেশ/দ-০৪/২০০৯-১৯/ ২৭০(৬)/১৪(৪)

তারিখঃ- ৬/০৫/২০১৯ খ্রিঃ।

সদয় অবগতির জন্য- অনুলিপি প্রেরণ করা হলো :

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন/এমসিএইচ-সার্ভিসেস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।


পরিচালক, পরিবার পরিকল্পনা,
রাজশাহী বিভাগ, রাজশাহী।

পোস্ট কোর্ডঃ- ৬০০০, ফোন-০৭২১-৭৭৫৫৬২, ফ্যাক্স নং- ০৭২১-৭৭৫৫৬৩, ই-মেইল নং- dirrajshahi@dgfp.gov.bd.

File Name : Director Personal-2019.doc